**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 8/29/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# গভর্নর কুওমো করোনাভাইরাস সংক্রান্ত গুরুতর নিয়ম লঙ্ঘনের অভিযোগে নিউ ইয়র্ক সিটির ছয়টি অতিরিক্ত মদের লাইসেন্স স্থগিত করার কথা ঘোষণা করেছেন

***গণস্বাস্থ্য জরুরি অবস্থার সময় 168টি ব্যবসার মদের লাইসেন্স স্থগিত করা হয়েছে***

***মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্স সোমবার থেকে শুক্রবারের মধ্যে প্রায় 6,000 কমপ্লায়েন্স চেক পরিচালনা করেছে, নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ডে 35 অতিরিক্ত লঙ্ঘন পর্যবেক্ষণ করছে***

***এই পর্যন্ত 926টি চার্জ দাখিল এবং প্রক্রিয়াকরণ করা হয়েছে; সাসপেনশন এবং চার্জের হালনাগাদকৃত তালিকা এখানে পাওয়া যাবে***

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে মহামারী সম্পর্কিত নির্বাহী আদেশ লঙ্ঘনের অভিযোগে স্টেট নিউ ইয়র্ক স্টেটের ছয়টি অতিরিক্ত বার/রেস্টুরেন্টের মদের লাইসেন্স স্থগিত করেছে, করোনাভাইরাস মহামারীর সময় মোট 168টি মদের লাইসেন্স স্থগিত করা হয়েছে। সোমবার থেকে শুক্রবার রাতের মধ্যে স্টেট পুলিশ এবং স্টেট মদ কর্তৃপক্ষের (State Liquor Authority, SLA) নেতৃত্বে স্টেটের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্স (multi-agency task force) 5,981টি কমপ্লায়েন্স চেক পরিচালনা করে, যা 35টি প্রতিষ্ঠানে লঙ্ঘনের নথিভুক্ত করে। COVID-19 বিধি লঙ্ঘন করা ব্যবসাগুলিকে প্রতি লঙ্ঘনের জন্য 10,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা দিতে হতে পারে, অন্যদিকে অত্যন্ত গুরুতর লঙ্ঘনের ফলে অবিলম্বে একটি বার বা রেস্টুরেন্টের লিকার লাইসেন্স স্থগিত করা হতে পারে।

"নিউ ইয়র্কবাসীদের কঠোর পরিশ্রমের ফলে, রাষ্ট্র টানা তিন সপ্তাহের বেশি সময় ধরে সংক্রমণের হার 1% এর কম বজায় রেখেছে- কিন্তু আমাদের সতর্ক থাকতে হবে এবং আমাদের এখানে যে নির্দেশিকা দেওয়া হয়েছে তা অনুসরণ করতে হবে অথবা পিছিয়ে যাওয়ার ঝুঁকি নিতে হবে," **গভর্নর কুওমো বলেছেন।** "বার এবং রেস্টুরেন্টের মতো উচ্চ ঝুঁকিপূর্ণ শিল্পে মেনে চলা এই অগ্রগতি অর্জনের চাবিকাঠি, এবং আজকের সাসপেনশনের মত, রাষ্ট্র খারাপ ব্যবসায়ীদের দায়ী করবে যারা জনস্বাস্থ্যকে বিপদের মুখে ফেলবে। বারের বেশীরভাগ মালিক এই জনস্বাস্থ্য জরুরি অবস্থাকে গুরুত্বের সাথে গ্রহণ করে যাচ্ছেন, কিন্তু যেই গুটিকয়েক প্রকাশ্যে নিয়ম লঙ্ঘন করে তাদের প্রতি আমার বার্তা সহজ: আমরা আপনাদের, আপনাদের গ্রাহক, আপনাদের কর্মচারী, আপনাদের প্রতিবেশী এবং আমাদের পুনরায় খোলাকে ঝুঁকির মুখে ফেলা সহ্য করব না।"

**স্টেট লিকার অথরিটির চেয়ারম্যান ভিনসেন্ট ব্র্যাডলি বলেন:** "আমরা টাস্ক ফোর্সের কঠোর পরিশ্রম এবং বিবেকবান ব্যবসায়ীদের কাজের সরাসরি ফলাফল হিসেবে রাজ্য জুড়ে ভালো ভাবে মেনে চলার বিষয়টি দেখছি, যারা জনস্বাস্থ্য এবং নিরাপত্তাকে প্রথমে রাখছে। কিন্তু আমরা এখনো একটি বৈশ্বিক মহামারীর মাঝখানে আছি, এবং টাস্ক ফোর্স স্বল্প সংখ্যক প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নিতে থাকবে যারা ইচ্ছাকৃতভাবে করোনাভাইরাস সম্পর্কিত নিয়ম লঙ্ঘন করবে।"

স্টেট লিকার অথরিটি বোর্ড (State Liquor Authority Board) যে ছয়টি প্রতিষ্ঠানকে তাৎক্ষণিক স্থগিতাদেশের জরুরি আদেশ জারি করে সেগুলি নিউ ইয়র্ক সিটি, সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং লং আইল্যান্ডে অবস্থিত।

নিউ ইয়র্ক সিটিতে, বরো অবস্থানগুলি হচ্ছে:

1. ব্রুকলিন - 3

নিউ ইয়র্ক সিটির বাইরে কাউন্টি অবস্থানগুলি হচ্ছে:

1. নাসাউ - 1
2. অসওেগো -1
3. সাফোক - 1

25, 27, ও 28 আগস্ট পূর্ণ বোর্ডের একটি বিশেষ সভায় চেয়ারম্যান ব্র্যাডলি, কমিশনার লিলি ফ্যান এবং কমিশনার গ্রিলি ফোর্ড জরুরি স্থগিতাদেশগুলি জারি করেন যা সামাজিক দূরত্বের নির্দেশিকার অধীনে

ডিজিটালভাবে রেকর্ড করা ভিডিওর মাধ্যমে সংঘটিত হয়। যখন SLA একটি লাইসেন্সপ্রাপ্ত ব্যবসার অব্যাহত অপারেশন জনস্বাস্থ্য এবং নিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ বলে নির্ধারণ করে তখন জরুরী তাৎক্ষণিক স্থগিতাদেশ জারি করা হয়। স্থগিতাদেশ অবিলম্বে প্রদান করা হয় এবং অনির্দিষ্টকালের জন্য কার্যকর থাকে, যার মধ্যে সর্বোচ্চ জরিমানার অন্তর্ভুক্ত স্থায়ী লাইসেন্স বাতিলকরণ এবং 10,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা। জরুরী স্থগিতাদেশ প্রাপ্ত লাইসেন্সধারীরা SLA প্রশাসনিক আইনের বিচারকের কাছে একটি দ্রুত শুনানির অধিকার রাখেন।

যে ছয়টি বারের প্রতি স্থগিতাদেশ জারি করা হয়েছে সেগুলো নিচে তালিকাভুক্ত করা হল, সেই সাথে তাদের লঙ্ঘন এবং তাদের স্থগিতাদেশের তারিখ সম্পর্কে তথ্য সহ।

**25 আগস্ট, 2020 তারিখে সাউদাম্পটনের 136 মেইন স্ট্রিটে "ব্লু মার"**
22 শে আগস্ট সন্ধ্যা প্রায় 6টায় সাফোক কাউন্টি শেরিফের ডিপার্টমেন্টের সাথে স্টেটের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা সামাজিক দূরত্ব উপেক্ষা করে প্রতিষ্ঠানে প্রবেশের জন্য পৃষ্ঠপোষকদের একটি লাইনে অপেক্ষা করতে দেখেন এবং প্রাঙ্গণে এগারো জন পৃষ্ঠপোষক দাড়িয়ে মদ্যপান করছিল। তদন্তকারীরা এক ঘন্টা পরে ফিরে আসেন, বেশ কয়েকজন পৃষ্ঠপোষক বারের চারপাশে দাঁড়িয়ে থাকা নথিভুক্ত করেন। সারা রাত ধরে একাধিক পৃষ্ঠপোষক এবং কর্মচারীকে মুখাবরণ ছাড়াই পর্যবেক্ষণ করা হয়। একই সন্ধ্যায়, একজন 18 বছর বয়সী অপ্রাপ্তবয়স্ক এজেন্ট পরিচয় চাওয়া ছাড়াই দুটি পৃথক ঘটনায় মদ কিনতে সক্ষম হন। এই ব্যবসা একটি পুনরাবৃত্তিকারী অপরাধী, সাফোক কাউন্টি শেরিফের ডিপার্টমেন্ট এর আগে রেস্টুরেন্টটিকে 16 আগস্ট একটি ডিজে সহ একটি নাইটক্লাব হিসেবে কাজ করতে দেখে; পৃষ্ঠপোষকরা নাচছিল, মুখাবরণ পরা ছিল না এবং সামাজিক দূরত্ব উপেক্ষা করে; এবং একজন বিদেশী বিনোদনকারী বারের উপরে নাচছিল, যা প্রতিষ্ঠানের লাইসেন্স লঙ্ঘন করে, যা প্রাপ্তবয়স্কদের বিনোদনের অনুমতি দেয় না।

**25 আগস্ট, 2020 তারিখে রুজভেল্টের 241 নাসাউ রোডে "স্যাজন রামিরেজ II"**
23 শে আগস্ট, স্টেটের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্স, নাসাউ কাউন্টি পুলিশ ডিপার্টমেন্ট এবং নাসাউ কাউন্টি ফায়ার মার্শালের তদন্তকারীরা একটি যৌথ তদন্ত পরিচালনা করে, মুদি দোকান খুঁজে বের করে - যা একেবারেই প্রাঙ্গণে মদ্যপানের জন্য মদ বিক্রয়ের জন্য অনুমোদিত নয়- একটি নাইটক্লাব হিসেবে কাজ করছিল, যেখানে চৌদ্দ জন পৃষ্ঠপোষক প্রাঙ্গণের ভিতরে বিয়ার পান করছিল এবং ছয় জন কর্মীএবং মালিক মুখাবরণ পরা ছিল না। বেজমেন্টে তদন্তকারীরা আবিষ্কার করেন যে দশজন পৃষ্ঠপোষক একটি গোপন রুমে একটি বড় পর্দার টিভি, জুক বক্স এবং ইলেকট্রনিক জুয়া ডিভাইস সহ মদ্যপান করছে। নাসাউ কাউন্টি পুলিশ ডিপার্টমেন্ট কর্তৃক মুদি দোকানটিকে পাঁচটি ফৌজদারি আদালতের সমন জারি করা হয়, নাসাউ কাউন্টি ফায়ার মার্শাল থেকে চারটি ফৌজদারি আদালতের সমন, বিশটি বিল্ডিং কোড লঙ্ঘন এবং ছয়টি অগ্নি ও জীবন নিরাপত্তা লঙ্ঘন জারি করা হয়।

**27 আগস্ট 2020 তারিখে ব্রুকলিনের 408 জেফারসন স্ট্রিটে অবস্থিত "হাউজ অব ইয়েস"**
21শে আগস্ট, স্টেটের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা সরাসরি ভবনের সামনে একটি উপচে পড়া নাইটক্লাবের মত পরিবেশ পর্যবেক্ষণ করে, যেখানে উচ্চ শব্দে গান বাজানো হয় এবং অন্তত ত্রিশ জন পৃষ্ঠপোষক ছয় ফুটের কম দূরে রাখা টেবিলে বসে মদ্যপান করে। কোন খাবার পরিবেশন করা হচ্ছিল না, ম্যানেজার স্বীকার করেছেন যে রান্নাঘরটি চালু ছিল না- যা 1964 সাল থেকে রাষ্ট্রীয় আইনের লঙ্ঘন। তদন্তকারীরা একজন কর্মচারীকে মুখাবরণ ছাড়া দেখেন এবং অসংখ্য আগুন এবং জীবন নিরাপত্তা লঙ্ঘন নথিভুক্ত করেন।

**27 আগস্ট 2020 তারিখে ব্রুকলিনের 2961 ফুলটন স্ট্রিটে অবস্থিত "ন্যান্সি রেস্টুরেন্ট"**
26 শে আগস্ট, নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্ট (New York City Police Department, NYPD) কর্মকর্তারা প্রায় দশজন পৃষ্ঠপোষককে প্রাঙ্গণের ভিতরে মদ্যপান করতে দেখেছেন, যা 2020 সালের 16 মার্চ থেকে কার্যকর ইনডোর ডাইনিং বিধিনিষেধের লঙ্ঘন করে। কর্মকর্তারা জানাচ্ছেন যে খাদ্য প্রয়োজনীয়তা নির্দেশিকা লঙ্ঘন করে কোন খাবার পরিবেশন করা হচ্ছিল না, এবং পৃষ্ঠপোষকরা মদ্যপান করছিল, যদিও অবস্থানটি শুধুমাত্র বিয়ার এবং ওয়াইন বিক্রির লাইসেন্স প্রাপ্ত।

**28 আগস্ট, 2020 তারিখে অসওয়েগোর 6 মার্কেট স্ট্রিটে "ফেরিস হুইল"**
বারটিতে অতিরিক্ত ভিড় থাকে এবং সামাজিক দূরত্ব মেনে চলা হয় না এমন অসংখ্য অভিযোগের ভিত্তিতে SLA তদন্তকারীরা 27 শে আগস্ট তারিখে প্রতিষ্ঠানটি পরিদর্শন করেন এবং প্রায় পনেরজন পৃষ্ঠপোষককে বারের বাইরে প্রবেশের জন্য অপেক্ষায় লাইনে দাঁড়িয়ে থাকতে দেখেন। লাইনটি দ্রুত প্রায় পঁচিশ জন ব্যক্তিতে উন্নীত হয়, যাদের মধ্যে বেশ কয়েকজনকে মুখাবরণ ছাড়াই পর্যবেক্ষণ করা হয় এবং সবাই সামাজিক দূরত্ব উপেক্ষা করে। তদন্তকারীরা তাদের পরিচয় প্রকাশ করে এবং দ্বিতীয় তলায় চল্লিশ থেকে পঞ্চাশ জন পৃষ্ঠপোষক আবিষ্কার করে, যারা সামাজিক দূরত্ব এবং মুখাবরণ পরার নিয়মকানুন পুরোপুরি উপেক্ষা করে নাচছিল এবং মদ্যপান করছিল। তদন্তকারীরা আরো উল্লেখ করেছেন যে পরিদর্শনের সময় কোন খাবার পরিবেশন করা হয়নি। ফেরিস হুইলের মদের লাইসেন্স 4 জুলাই, 2020 তারিখে জারি করা হয়েছে।

**28 আগস্ট 2020 তারিখে ব্রুকলিনের 419 টম্পকিন্স অ্যাভিনিউতে অবস্থিত "লাভারস রক"**
27 শে আগস্ট, স্টেটের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা চারজন পৃষ্ঠপোষককে সরাসরি প্রাঙ্গণের সামনে দাঁড়িয়ে মদ্যপান করতে দেখেন এবং প্রতিষ্ঠানের আউটডোর ডাইনিং এরিয়া পার্শ্ববর্তী একটি ব্যবসার সামনে অবস্থিত। আটজন পৃষ্ঠপোষককে খাদ্য ছাড়া পিছনের উঠানে মদ্যপান করতে দেখা গেছে। মালিক স্বীকার করেছেন যে কোন খাদ্য সেবা নেই - 1964 সাল থেকে রাষ্ট্রীয় আইনের লঙ্ঘন - এবং তদন্তকারীরা নির্ধারণ করেন যে এই ব্যবসার নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ হেল্থ থেকে খাদ্য পরিবেশনের অনুমতি ছিল না। তদন্তকারীরা একজন লাইসেন্সবিহীন নিরাপত্তা রক্ষীকে মুখাবরণ ছাড়াই দেখতে পান।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন